

শ্রদ্ধেয় কামারুল ভাই,

আমার ছালাম নিবেন। আশাকরি আপনি ও আপনার সহকর্মীবৃন্দ কুশলে আছেন। আমিও আপনাদের সকলের দোয়ায় ভালই আছি। আমার এই লেখা আপনাদের সকলের উদ্দেশ্যে। আমি সকলের প্রতি কৃতজ্ঞ। প্রথমে রফিক ভাইয়ের কথা আসে, উনার অক্লান্ত পরিশ্রম এই প্রতিষ্ঠানের উন্নতিতে যথেষ্ট সাহায্য করবে। উনাকে আমার আন্তরিক ধন্যবাদ জানাবেন। আশাকরি আগামী বছরগুলোতেও তার পরিশ্রম উত্তরোত্তর বৃদ্ধি পাবে। আপনার মাধ্যমে বলে রাখি, গত ছাত্র ভোটে রফিক ভাই প্রথম, নাজিরা ২য় হয়েছিলেন। নাজিরার পড়ানোর গুণ যথেষ্ট প্রশংসা পাবার যোগ্য। তাছাড়া তার মেধাও প্রশংসিত। তাই তার কাছ থেকে আগামী দিনের জন্যে আপনি আরো বেশী কিছু আশা করতেই পারেন।

তবে আমি যারপরনাই ব্যথিত, বেনজির চাচা অতীতে অনেক ভালো দৃষ্টান্ত রেখেছেন, তার একসময়ের পরিশ্রম সবার নজর কাড়তো। অথচ গত ছাত্র ভোটে তার কোন প্রতিফলন দেখা যাইনি। আমি চাচা কে আপনার মাধ্যমে অনুরোধ করবো - ছাত্রছাত্রীদের প্রতি যেন আগের যে কোন সময়ের চেয়ে অধিক মনযোগী হন। একই অনুরোধ কাবেজ ভাইকেও করতে চাই। ওনার পড়ানো বিষয় গুলো যথেষ্ট গুরুত্বপূর্ণ। এবং পরীক্ষায় ভালো করার যথেষ্ট সহায়ক। একই রকম বিষয় পড়ান মাহবুব ভাই। পদার্থবিদ্যায় ছাত্ররা এখন হয়তো আগের যেকোন সময়ের তুলনায় ভালো কিন্তু উনি নিজেও জানেন আরো ভালো করানো সম্ভব। ছাত্রদের কাছে অন্তত উচ্চতর গণিতের চেয়ে পদার্থবিদ্যা সহজ হওয়া উচিত। তাছাড়া রসায়নের অবস্থা মোটেও সুবিধার না। অর্থনীতি বা সামাজিক বিঃ কোন অবস্থায় ফেল করার মতো বিষয় নয়, কিন্তু সেটাও বিগত পরীক্ষাগুলোতে দেখা গেছে, আমি বলবো এখানে আপনারা এই দিকটাই যথেষ্ট মনযোগী ছিলেন না। কোন ছাত্রছাত্রী ফেল করলে তার দ্বায় আপনারা কোনমতেই এড়িয়ে যেতে পারেন না।

সকল ক্ষেত্রে আপনার সহকর্মীদের মনযোগ আছে সত্য, কিন্তু সে অনুযায়ী সময় দিতে পারছেন বা সুযোগের অভাব রয়ে গেছে। আমি মনেকরি - প্রত্যেক স্যাররা যদি আরো একটু পূর্ব প্রস্তুতি নিয়ে ক্লাশে যান তবে ছাত্ররা আরো বেশী উপকৃত হবে। এব্যাপারে আমি সাহায্য করতে পারলে খুশী হবো।

যদি স্যাররা চান তবে প্রত্যেক স্যারকে তাদের পছন্দ মতো সাহায্যকারী কিছু বই সরবরাহ করার ইচ্ছা আমার আছে। এবং আশাকরি স্যাররা আপনার নেতৃত্বে এ অঞ্চলের সেরা প্রতিষ্ঠান হিসাবে গাতিপাড়া মাধ্যমিক বিদ্যালয় কে প্রতিষ্ঠিত করবে। এটা আপনার মতো আমারও স্বপ্ন।

আপনার অনুমতি নিয়ে আমি আগামী বছরও একইভাবে এই প্রতিষ্ঠানের সাহায্য করতে চাই। সেক্ষেত্রে প্রকল্পটি সামান্য পরিবর্তিত হবে। প্রথমতঃ আগামী বছর থেকে শ্রেষ্ঠ শিক্ষকের সাথে স্কুলের সেরা শিক্ষার্থীকেও পুরস্কৃত করা হবে। সেটা হবে তার স্কুল ড্রেস ও কিছু এককালীন অনুদান। আর সেভেন এ দু'জনের পরিবর্তে তিনজন; এবং ক্লাশ নাইন এই প্রকল্প থেকে বাদ যাবে। তবে বিপ্লব যদি মনে করে নাইন কে রাখতে হবে তবে ভিন্ন কথা। সুতরাং সিল্লের সকল প্রথম স্থান পাওয়া শিক্ষার্থী ও সেভেন-এইটের প্রথম ৩ জন আগামী বছরের প্রকল্পে বিবেচিত হবে।

আমি এই প্রতিষ্ঠানের অল্প হলেও সাহায্য করতে পেরে নিজেকে ধন্য মনে করছি। আমি এই প্রতিষ্ঠানকে ভালবাসি এবং এর উত্তরোত্তর মঙ্গল কামনা করি।

পরিশেষে, আপনাদের সকলের প্রতি রইল আমার আন্তরিক শুভ কামনা। ভাল থাকুন, সুস্থ থাকুন।

ইতি

আপনাদের স্নেহধন্য

আলমগীর হোসেন

মেলবোর্ণ, অস্ট্রেলিয়া